



পুলিশের বিশেষ অভিযানে ১৫ হাজারের বেশি গ্রেপ্তার



সংগৃহীত ছবি

সারাদেশে আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশের বিশেষ অভিযানে ১৫ হাজার ৪৫৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গত ১ মে ২০২৬ থেকে শুরু হওয়া এই অভিযানে বিপুল পরিমাণ অবৈধ অস্ত্র ও মাদক উদ্ধার করা হয়। বাংলাদেশ পুলিশের ভেরিফাইড ফেসবুক পেজে এই তথ্য জানানো হয়েছে। পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে, দেশের সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ দমনে এই বিশেষ পদক্ষেপ নেওয়া হয়েছে। সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতেই দেশজুড়ে এই চিরুনি অভিযান পরিচালনা করছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

গ্রেপ্তারকৃতদের মধ্যে মাদক ব্যবসায়ী ও চোরাকারবারি রয়েছেন ১১ হাজার ১৯১ জন। এছাড়া ছিনতাই ও ডাকাতিতে জড়িত ১ হাজার ৯৭১ জন, অস্থিতিশীলতা সৃষ্টিকারী ১ হাজার ২৯১

LENS ASIA

০১ মে ২০২৬ থেকে শুরু হওয়া চলমান বিশেষ অভিযানে এ যাবৎ
১৫৪৫৭ জন গ্রেফতার

অস্থিতিশীলতা সৃষ্টিকারী/পরিকল্পনাকারী/সহযোগী প্রেফতার: ১২৯১
অবৈধ অস্ত্রধারী প্রেফতার: ২৮২
চোরাকারবারী/ মাদক ব্যবসায়ী প্রেফতার: ১১৯৯১
ছিনতাইকারী/দস্যু/ডাকাতি প্রেফতার: ১৯৭১
চাঁদাবাজ/সম্বাসী প্রেফতার: ৭২২

মোট আগ্নেয়াস্ত্র উদ্ধার ১২০ টি

**তল্লাশিকালে ১৭০৭ রাউন্ড গুলি, ২৮ টি ককটেল
ও ৩২৪৭৩১১ পিস ইয়াবা উদ্ধার করা হয়**

জন, চাঁদাবাজ ও সম্বাসী ৭২২ জন এবং ২৮২ জন অবৈধ অস্ত্রধারীকে গ্রেপ্তার করা হয়েছে।

অভিযানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে ১২০টি আগ্নেয়াস্ত্র, ১ হাজার ৭০৭ রাউন্ড গুলি ও ২৮টি ককটেল উদ্ধার করা হয়। একই সঙ্গে মাদকের বড় চালান হিসেবে জব্দ করা হয়েছে ৩ কোটি ২৪ লাখ ৭ হাজার ৩১১ পিস ইয়াবা ট্যাবলেট।

পুলিশ কর্মকর্তারা জানিয়েছেন, জননিরাপত্তা বিঘ্নিত করার চেষ্টাকারীদের কোনো ছাড় দেওয়া হবে না। অপরাধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা বজায় রাখতে এই বিশেষ অভিযান আগামী দিনগুলোতে আরও জোরদার করা হবে।